# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ সুফিয়া বেগম একজন গুহ ব্যবস্থাপক। তিন অত্যন্ত যত্নের সাথে পরিবারের সকল কাজ করেন। পারিবারিক লক্ষ্যে পৌছানোর জন্য তিনি বিভিন্ন বিকল্প পন্থার মধ্য থেকে সবচেয়ে উত্তম পথটি বেছে নেন।

ক. নিকেল ও ডরসির মতে গৃহ ব্যবস্থাপনা কী? ১

খ. তাৎক্ষণিক লক্ষ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে সুফিয়া বেগমের কাজে লাভের জন্য যে ধাপটি সহায়তা করে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের যে ধারাটির প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তা প্রণয়নের জন্য যে সুফিয়া বেগমের যে পর্যায়গুলো অনুসরণ করতে হয় তা পর্যালোচনা করো। ৪

২.▶ সোমা প্রতি মাসে বাজেট অনুসরণ করেন। কিন্তু তিনি জরুরি অবস্থা মোকাবেলার জন্য কোনো অর্থ সংরক্ষিত রাখেন না। তার মেয়ে হঠাৎ অসুস্থ হওয়ায় তার বাজেট সমস্যা হয়।

ক. সুষম বাজেট কী? ১

খ. উদ্বৃত্ত বাজেটের সুবিধা লেখো। ২

Teachingbd24.com

গ. সোমার বাজেটের সমস্যা সৃষ্টির কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. সোমার তৈরিকৃত বাজেটটি বাস্তবমুখী কিনা? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৩.▶ পূর্বা তার ভাইয়ের সাথে মিশে মিশে মাকেও স্নেহ করে। পূর্বার বাবা মা কর্মজীবী। পূর্বার দাদা-দাদিও তাদের যথেষ্ঠ সময় দেন। গল্প করেন, অসুবিধার কথা শোনেন ও ভালবাসেন। পূর্বা দাদা-দাদির সাথে বন্ধুর মতো আচরণ করে।

ক. প্রথম বছরগুলোতে শিশুর জন্য গুরুত্ব কোনটি? ১

খ. মা বাবার সুসম্পর্কের অভাব শিশুর বিকাশে কীরূপে প্রভাব ফেলে? ২

গ. পূর্বা ও তার ভাইয়ের সম্পর্ক কিভাবে আনন্দময় হয়ে ওঠে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পূর্বার সাথে দার দাদা-দাদির সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৪.▶ শুভ কোনো নির্দেশনা বুঝতে পারে না। তার সার্বিক বিকাশ বয়সের তুলানায় কম এবং অস্বাভাবিক আচরণ করে। এ কারণে শুভর বাবা তাকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

ক. মাইক্রোসেফালি কী?

খ. টিটি টিকা দেওয়া হয় কেন?

গ. শুভ কোন ধরনের শিশু? সনাক্ত করো।

https://teachingbd24.com

ঘ. শুভর মতো শিশুদের মধ্যে উদ্দীপকে বর্ণিত লক্ষণগুলো ছাড়া আরো লক্ষণ দেখা যায় - বিশ্লেষণ করো।

৫.▶ সুবার ত্বক অমসৃণ ও শুকনো দেখাচ্ছে। হাতে পায়ে চর্মরোগের মতো হয়েছে। সুবা চিন্তিত হয়ে তার বোনকে দেখালো। তার বোন বলল, খাদ্য তালিকায় চর্বিযুক্ত খাদ্য অন্তর্ভূক্ত করতে হবে।

ক. ১ গ্রাম স্নেহ পদার্থ থেকে কত কিলোক্যালরি শক্তি পাওয়া যায়?

খ. ভিটামিন সি এর অভাবজনিত রোগের লক্ষণ সম্পর্কে লেখো। ২

গ. সুবার ত্বক অমসৃণ হওয়ার কারণ কী? ব্যাখ্যা করে দেখাও। ৩

ঘ. সুবাব জন্য প্রয়োজনীয় খাদ্যের শ্রেণিবিভাগ করে দেখাও। ৪

৬.▶ শাকিল জন্মদিনে তার বন্ধুদের দাওয়াত করলো। শাকিলের মা মেন্যু পরিকল্পনা করে রেসিপি দেখে অনেক আকর্ষণীয় ও পুষ্টিকর খাবার তৈরি করলেন। কিন্তু সবাইকে কীভাবে একসাথে বসিয়ে খাবার দিবেন তা বুঝতে পারছেন না।

ক. গর্ভবতী মহিলাদের জন্য কোন জাতীয় খাবার বেশি প্রয়োজন? ১

খ. শাকিলের মা রান্নায় রেসিপি ব্যবহার করলেন কেন? ব্যাখ্যা করো।২

গ. শাকিলের মা কীভাবে পরিবেশন করলে সবাইকেক একমাত্র খাওয়াতে পারবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "মেনু পরিকল্পনার মাধ্যমে সুষম, আকর্ষণীয় ও পুষ্টিকর খাদ্য পরিবেশন করা যায়"- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৭.▶ বাংলাদেশের সবাই গরমের দিনে সুতি পোষাক পরতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। কারণ এই তন্তু তাপ সুপরিবাহী ও এর শোষণ ক্ষমতাও ভালো।

ক. প্রাণিজ তন্তুত মূল উপাদান কী? ১

খ. রেশম তন্তুর বৈশিষ্ট্য লেখো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত তন্তুর রাসায়নিক বৈশিষ্ট্য বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত তন্তুটিকে "তন্তুরাজ" বলা হয় কেন? বিশ্লে করো। ৪

৮.▶ দোকানদার কাঠের টেবিলের উপর রেখে কাঠের খন্ডে রং লাগিয়ে নকশা করছে। শেলী তার কাছে গিয়ে রং সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন এটি প্রুসিয়ান রং। এর সাহায্যে সহজেই কাপড় নকশা করা যায়।

ক. ব্লক তৈরিতে কাঠের পুরুত্ব কত হওয়া উচিত? ১

খ. প্রিন্টিং টিবিল বলতে কী বোঝ? ২

গ. দোকানদার যে রং সম্পর্কে বলেন তার উপকরণ সম্পর্কে লেখো। ৩

ঘ. দোকানদার যে পদ্ধতিতে কাপড়ে রং করছিলেন তার বিস্তারিত বিবরণ দাও। ৪

https://teachingbd24.com

## গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিকেল ও ডরসি গৃহ ব্যবস্থাপনাকে পারিবারিক জীবনযাপনের কোন দিক হিসেবে অভিহিত করেন?**

ⓚ মানসিক ⓚh সামাজিক
ⓖ প্রশাসনিক ⓖh আবেগীয়

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**

সাবিহা বেগমের উৎসাহে তার মেয়ে তমা তার স্কুলের গার্লস গাইড কর্মসূচিতে অংশগ্রহণ করে। সে মাঝে মধ্যেই তার গার্লস গাইড বন্ধুদের নিয়ে দুস্থ ও অসহায় শিশুদের জন্য সেবামূলক বিভিন্ন কাজে অংশগ্রহণ করে থাকে।

**২. সাবিহা বেগমের কোন ধরনের দায়িত্ববোধ থেকে তার মেয়ে উদ্দীপকে উল্লিখিত কর্মসূচিতে যোগ দিয়েছে?**

ক) পারিবারিক খ) সামাজিক
গ) নাগরিক ঘ) রাষ্ট্রীয়

**৩. উদ্দীপকে উল্লিখিত দায়িত্ব পালনের মধ্য দিয়ে তমা ও তার বন্ধুদের মাঝে-**

i. দেশপ্রেম সৃষ্টি হবে
ii. সমাজপ্রীতি গড়ে উঠবে
iii. মানবতাবোধের উন্মেষ ঘটবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪. পরিচালনা কী?**

ক) সম্পদের সুষ্ঠু ব্যবহার
খ) সম্পদের সীমাবদ্ধতা
গ) সম্পদের চাহিদা মেটানোর ক্ষমতা
ঘ) সম্পদের অনিয়ন্ত্রিত ব্যবহার

**৫. আসবাবের মূল্য নির্ভর করে কিসের ওপর?**

ক) উপকরণ খ) স্থায়িত্ব
গ) আরাম ঘ) রুচি

**৬. ছাত্রজীবনে সফলতা লাভ করা যায় কোনটির মাধ্যমে?**

ক) শক্তি ব্যবস্থাপনা
খ) দ্রুত কাজ করা
গ) ক্লান্তিহীন পড়াশোনা
ঘ) সময় তালিকা অনুসরণ

**৭. পুরাতন কাগজ দিয়ে শো-পিস তৈরি করা সম্পদের কোন ধরনের পরিবর্তনের মধ্যে পড়ে?**

ক) বিনিময়
খ) বহুবিধ ব্যবহার
গ) রূপান্তরযোগ্য
ঘ) বিকল্প ব্যবহার

**৮. ধৈর্য মানুষকে কীরূপ হতে সাহায্য করে?**

ক) অধ্যবসায় খ) বিচারক
গ) সৃজনশীল ঘ) সাহসী

**৯. কোন সময়কে শিশুর প্রারম্ভিক শৈশব বলা হয়?**

ক) ২-৩ বছর খ) ২-৪ বছর
গ) ২-৫ বছর ঘ) ২-৬ বছর

**১০. বর্ধন ও বিকাশের সম্পর্ক হলো-**

i. বর্ধনের তুলনায় বিকাশ অনেক ব্যাপক
ii. বর্ধন হলো বিকাশের অন্তর্ভুক্ত
iii. বর্ধন ক্রিয়াশীল হলেও বিকাশ স্থির

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১১. শিশুর মিকোনিয়াম কী?**

ক) টিকা খ) ভ্যাকসিন
গ) প্রথম মল ঘ) হরমোন

**১২. মানসিক চাপ আমাদের মধ্যে কী সৃষ্টি করে?**

ক) আনন্দ
খ) হতাশা
গ) উদ্যম
ঘ) আনুগত্য

Teachingbd24.com

১৩. শ্রবণ প্রতিবন্ধী শিশুর-

i. ইশারায় ভাব বিনিময় করে

ii. কম শব্দে রেডিও শোনে

iii. কানে হাত দিয়ে শোনার চেষ্টা করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ ii ও iii

গ i ও iii   ঘ i, ii ও iii

১৪. প্রথম শ্রেণীর প্রোটিন কোনটি?

ক ডাল

খ বাদাম

গ ভুট্টা

ঘ মাংস

১৫. থায়ামিনের প্রধান কাজ কোনটি?

ক কার্বোহাইড্রেট বিপাকে অংশগ্রহণ করা

খ স্নায়ুতন্ত্রকে সক্রিয় রাখা

গ স্বাভাবিক ক্ষুধা বজায় রাখা

ঘ হৃৎপিণ্ডের স্বাভাবিক কাজ নিয়ন্ত্রণ রাখা

১৬. দাঁত ও হাড় গঠনের জন্য কিশোর-কিশোরীদের জন্য গুরুত্বপূর্ণ খাদ্য উপাদান হচ্ছে-

i. ক্যালসিয়াম

ii. ফলিক এসিড

iii. ভিটামিন ডি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii

গ ii ও iii   ঘ i, ii ও iii

১৭. নোনা ইলিশ খাওয়া বাদ দিতে হবে কখন?

ক ডায়াবেটিস হলে

খ জন্ডিস হলে

গ উচ্চরক্তচাপ হলে

ঘ আমাশয় হলে

১৮. উচ্চ রক্তচাপ হলে দৈনিক কত ঘণ্টা ঘুমাতে হবে?

ক ৩-৪ ঘণ্টা   খ ৪-৫ ঘণ্টা

গ ৫-৭ ঘণ্টা   ঘ ৬-৮ঘণ্টা

১৯. আদর্শ রেসিপিতে কোনটি উল্লেখ থাকে?

ক খাবারের নাম   খ পরিবেশন সংখ্যা

গ উপকরণ   ঘ রন্ধন পদ্ধতি

২০. কোন তন্তু তাপ কুপরিবাহী?

ক বীজ তন্তু   খ পল্লব তন্তু

গ খনিজ তন্তু   ঘ প্রোটিন তন্তু

২১. মোটা ও খাটো লোকের উপযোগী রেখার নকশা কোনটি?

ক বক্র রেখা   খ খাড়া রেখা

গ তীর্যক রেখা   ঘ সমান্তরাল রেখা

২২. ডাই বলতে কী বোঝায়?

ক রং করে শুকানো

খ রং করে ছায়ায় রাখা

গ ডুবিয়ে রং করা

ঘ ছিটিয়ে রং করা

২৩. মূল নকশাকে ভিত্তি করে দেহের মাপ অনুযায়ী সমতল কাগজে যে চূড়ান্ত নকশা আঁকা হয় তাকে কী বলে?

ক নকশা

খ মূল নকশা

গ ড্রাফটিং

ঘ প্যাটার্ন ড্রাফটিং

২৪. কোন ভিটামিনযুক্ত খাবার খেলে চুল ভালো থাকে?

ক ভিটামিন এ

খ ভিটামিন বি

গ ভিটামিন সি

ঘ ভিটামিন ডি

২৫. ক্ষর পানি মৃদু করা হয় কোনটির সাহায্যে?

ক রিঠা

খ ভিনেগার

গ বোরাক্স

ঘ অ্যামোনিয়া

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ |
| | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | | |

Teachingbd24.com